


অভিযোগ বিবরণী

ডা: নাসিমা খান ইভা, সহকারী পরিচালক (সিসি) ও উপপরিচালক (ভারপ্রাপ্ত), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, হবিগঞ্জ এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, শেখ হাসিনা মেডিকেল কলেজ, হবিগঞ্জে ২০১৭-১৮ অর্থ বছরে বরাদ্দপ্রাপ্ত ১৫,৫০,০০,০০০/- (পনের কোটি পঞ্চাশ লক্ষ) টাকায় মেডিকেল সরঞ্জাম, বইপত্র ও সাময়িকী, আসবাবপত্র এবং কম্পিউটার ও যন্ত্রাংশ ক্রয়ের ক্ষেত্রে অতিরিক্ত মূল্যে নিম্নমানের জিনিসপত্র ক্রয় করা হয়; এবং

০২। তিনি দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য সচিব হওয়া সত্ত্বেও দরপত্র মূল্যায়ন কমিটির সভার নোটিশ যথাযথভাবে জারি করেননি। প্রকৃতপক্ষে দরপত্র মূল্যায়ন কমিটির সভাও হয়নি। প্রাথমিক তদন্তে দরপত্র মূল্যায়ন কমিটির বিরুদ্ধে দায়িত্বে অবহেলার বিষয়টি প্রমাণিত হয়েছে। দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য সচিব হিসেবে এর দায়ভার তার উপর বর্তায়; এবং

০৩। দরপত্র মূল্যায়ন কমিটির দায়িত্বে অবহেলার কারণে দুর্নীতির সুযোগ সৃষ্টি হয় এবং অতিরিক্ত মূল্যে নিম্নমানের ফার্নিচার, ফটোকপি করা বইসহ বিভিন্ন সরঞ্জামাদি ও যন্ত্রাংশ ক্রয় করা হয়। দরপত্র মূল্যায়ন কমিটির সদস্য সচিব হিসেবে তিনি এ দায় এড়াতে পারেন না; এবং

০৪। তার এহেন দায়িত্বহীন কার্যকলাপে বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে এবং সরকারি অর্থের অপচয় হয়েছে। তার উপর্যুক্ত কার্যকলাপ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে। তার উক্ত কার্যকলাপ চাকরির শৃঙ্খলার পরিপন্থি এবং ‘সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘দুর্নীতি’ এর দায়ে দোষী হিসেবে গণ্য হওয়ার যোগ্য ও শাস্তিযোগ্য অপরাধ।


 ০২/০৭/২১
 (মোঃ আলী নূর)
 সচিব